গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৬০.৯৭.০০০২.২৬.১৪৩

তারিখ: ১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

বিষয়: ০২ (দুই)টি শিশু হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধি ও বর্ধিত শয্যায় সেবা কার্যক্রম চালুকরণের প্রশাসনিক অনুমোদন প্রদান।

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১৫৬.১৫.০০০৭.২৬.২৮৬, তারিখ: ১৯.০৭.২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে অর্থ বিভাগের সম্মতির পরিপ্রেক্ষিতে, এ সংক্রান্ত যাবতীয় বিধি-বিধান, আনুষ্ঠানিকতা ও নিয়ম-কানুন যথাযথভাবে প্রতিপালনের শর্তে নিম্নোক্ত ০২ (দুই)টি শিশু হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধি ও বর্ধিত শয্যায় সেবা কার্যক্রম চালুকরণের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম	মন্তব্য
০১	১০০ শয্যাবিশিষ্ট শিশু হাসপাতাল, রংপুর	১০০ হতে ২০০ শয্যায় উন্নীতকরণ ও বর্ধিত শয্যায় সেবা কার্যক্রম চালুকরণ
০২	১০০ শয্যাবিশিষ্ট শিশু হাসপাতাল, কুমিল্লা	১০০ হতে ২০০ শয্যায় উন্নীতকরণ ও বর্ধিত শয্যায় সেবা কার্যক্রম চালুকরণ

সংযুক্তিঃ
(১) অর্থ বিভাগের সম্মতিপত্র

১৭-১০-২০২৬
কাজী শরীফ উদ্দিন আহমেদ
উপসচিব
ইমেইল : ghm1@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর।
২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

চলমান পাতা - ১ / ২

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৬০.৯৭.০০০২.২৬.১৪৩/১ (২২)

তারিখ: ১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
২। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩। অতিরিক্ত সচিব, হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
৪। অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
৫। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
৬। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
৭। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক এর দপ্তর, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
৮। যুগ্মসচিব, পারসোনেল অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।
৯। যুগ্মসচিব, বাজেট-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।
১০। পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
১১। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
১২। পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, স্বাস্থ্য অধিদপ্তর।
১৩। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক), হাসপাতাল ও ক্লিনিক শাখা, স্বাস্থ্য অধিদপ্তর।
১৪। পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর।
১৫। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
১৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ।
১৭। সিনিয়র সহকারী সচিব, পারসোনেল-৪ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।
১৮। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
১৯। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, কুমিল্লা।
২০। ব্যক্তিগত কর্মকর্তা, হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
২১। ব্যক্তিগত কর্মকর্তা, সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।
২২। অফিস কপি।

১৭-১০-২০২৬
কাজী শরীফ উদ্দিন আহমেদ
উপসচিব

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ-২
ব্যয় ব্যবস্থাপনা শাখা-৬
www.mof.gov.bd

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৫৬.১৫.০০০৭.২৬.২৮৬

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

বিষয়: **স্বাস্থ্য সেবা বিভাগের অধীন রংপুর ও কুমিল্লা শিশু হাসপাতালের শয্যা ১০০ হতে ২০০-এ উন্নীতকরণ ও বর্ধিত শয্যায় সেবা কার্যক্রম চালুকরণ এবং নবনির্মিত ০৫টি শিশু হাসপাতাল (রাজশাহী, বরিশাল, রংপুর, কুমিল্লা এবং খুলনা) এর জন্য রাজস্বখাতে পদ সৃজন।**

সূত্র: (১) স্বাস্থ্য সেবা বিভাগ (পার-৪ শাখা) এর ৩০.০৬.২০২৬ তারিখের ৪৫.০০.০০০০.০০০.১৫০.১৫.০০০৭.২৬.২২০ নং স্মারক
(২) স্বাস্থ্য সেবা বিভাগ (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা) এর ১৩.০৭.২০২৬ তারিখের ৪৫.০০.০০০০.০০০.১৬০.৯৭.০০০২.২৬(অংশ).৭২৩ নং স্মারক
(৩) জনপ্রশাসন মন্ত্রণালয় (স.ওব্য.-১০ শাখা) এর ২৩.০৬.২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৫৯.১৫.০০১৩.২৬.১০৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ০২ নং স্মারকের পরিপ্রেক্ষিতে এ সংক্রান্ত যাবতীয় বিধি-বিধান, আনুষ্ঠানিকতা ও নিয়ম-কানুন যথাযথভাবে প্রতিপালনের শর্তে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন নিম্নোক্ত ০২ (দুই)টি শিশু হাসপাতালের শয্যা সংখ্যা ১০০ হতে ২০০-এ উন্নীতকরণ ও বর্ধিত শয্যায় সেবা কার্যক্রম চালুকরণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম	মন্তব্য
০১.	রংপুর জেলায় নবনির্মিত ১০০ শয্যাবিশিষ্ট শিশু হাসপাতাল	১০০ হতে ২০০ শয্যায় উন্নীতকরণ ও বর্ধিত শয্যায় সেবা কার্যক্রম চালুকরণ
০২.	কুমিল্লা জেলায় নবনির্মিত ১০০ শয্যাবিশিষ্ট শিশু হাসপাতাল	১০০ হতে ২০০ শয্যায় উন্নীতকরণ ও বর্ধিত শয্যায় সেবা কার্যক্রম চালুকরণ

০২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত রাজস্বখাতে পদ সৃজনের ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালের স্ট্যান্ডার্ড সেট-আপ অনুসরণকরত: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন নবনির্মিত ২০০ শয্যাবিশিষ্ট ০৫টি শিশু হাসপাতাল (রাজশাহী, বরিশাল, রংপুর, কুমিল্লা এবং খুলনা) এর জন্য নিম্নোক্ত ছক মোতাবেক প্রতিটিতে ১৪৩টি ক্যাডার পদ স্থায়ীভাবে এবং বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে ১৪৫টি অন্যান্য পদসহ মোট (ক্যাডার ১৪৩x৫=৭১৫টি+অন্যান্য ১৪৫x৫=৭২৫টি)=১,৪৪০টি পদ রাজস্বখাতে সৃজনে বর্ণিত শর্তে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

ক্রমিক	পদনাম	পদসংখ্যা	মন্তব্য
১.	উপপরিচালক	০১	ক্যাডার পদ
২.	সহকারী পরিচালক	০১	
৩.	সিনিয়র কনসালটেন্ট	২০	
৪.	জুনিয়র কনসালটেন্ট	৪০	
৫.	আবাসিক চিকিৎসক	০২	
৬.	আবাসিক সার্জন	০৩	
৭.	আবাসিক মেডিকেল অফিসার	০১	
৮.	সহকারী সার্জন/মেডিকেল অফিসার	৬৫	
৯.	সহকারী ডেন্টাল সার্জন	০২	
১০.	ইমারজেন্সি মেডিকেল অফিসার	০৪	
১১.	এনাসথেটিস্ট	০৪	

১২.	নার্সিং সুপারভাইজার	০৫	অন্যান্য পদ
১৩.	সিনিয়র স্টাফ নার্স	১০০	
১৪.	মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি)	০৪	
১৫.	মেডিকেল টেকনোলজিস্ট (রেডিওগ্রাফি)	০৪	
১৬.	মেডিকেল টেকনোলজিস্ট (ফিজিওথেরাপি)	০৫	
১৭.	মেডিকেল টেকনোলজিস্ট (ডেন্টাল)	০২	
১৮.	মেডিকেল টেকনোলজিস্ট (ই.পি.আই.)	০২	
১৯.	মেডিকেল টেকনোলজিস্ট (ব্লাড ব্যাংক)	০২	
২০.	ফিজিওথেরাপিস্ট	০১	
২১.	ফার্মাসিস্ট (ডিপ্লোমা)	০১	
২২.	কম্পিউটার অপারেটর	০১	
২৩.	প্রধান সহকারী	০১	
২৪.	হিসাবরক্ষক	০১	
২৫.	স্টোর কিপার	০১	
২৬.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০২	
২৭.	সহকারী হিসাবরক্ষক	০১	
২৮.	ফার্মেসী সহকারী	০১	
২৯.	স্টোর সহকারী	০১	
৩০.	অফিস সহায়ক	১০	
[illegible]	[illegible]	[illegible]	ক্যাডার-৭১৫, অন্যান্য-৭৪৫

শর্তাবলি:

(ক) অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক বেতনস্কেল নির্ধারণ করতে হবে ;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে;

(গ) ক্যাডার পদগুলো স্থায়ীভাবে সৃজিত হবে এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণ করতে হবে ও সংশ্লিষ্ট কম্পোজিশন এন্ড ক্যাডার রুলে এ বিষয়ে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করতে হবে;

(ঘ) অন্যান্য পদগুলো সৃজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদন গ্রহণ করতে হবে ;

(ঙ) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক যাবতীয় আনুষ্ঠানিকতা পালনপূর্বক স্থায়ী /অস্থায়ী পদ সৃজনের জি.ও জারি করে এর ০৪ কপিতে অর্থ বিভাগের পৃষ্ঠাঙ্কন গ্রহণ করতে হবে;

(চ) মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডই (TO&E)-তে নতুন সৃজিত পদ স্থায়ী /অস্থায়ী হিসেবে চিহ্নিতপূর্বক অন্তর্ভুক্ত করে টিওএন্ডই (TO&E) হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই (TO&E)'র ০১ কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ছ) যে তারিখে পদ সৃজনের জি.ও. অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন করা হবে, সে তারিখ থেকে পদগুলো সৃজিত বলে গণ্য হবে;

(জ) বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের নিয়োগ-বিধিতে এ সকল পদনাম ও নিয়োগযোগ্যতা অন্তর্ভুক্ত করতে হবে;

(ঝ) ক্যাডার সিডিউলে বিষয়ভিত্তিক পদনাম সংযোজনের পূর্বে সৃজিতব্য পদে পদায়ন বা পদোন্নতি প্রদান করা যাবে না;

(ঞ) পদ সৃজনের প্রক্রিয়া সম্পন্ন হলে সংশ্লিষ্ট স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের সাংগঠনিক কাঠামো হালনাগাদ করে নিতে হবে;

(ট) পদ সংরক্ষণের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/কগবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১নং সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে ;

(ঠ) যে সকল পদ নিয়োগ-বিধিতে নেই সে সকল পদ নিয়োগ-বিধিতে অন্তর্ভুক্ত করতে হবে ; এবং

(ড) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আরোপিত সব শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করতে হবে ।



১৯-০৭-২০২৬
শুক্লা সরকার
উপসচিব
ফোন : ০২২২৩৩৯০০৩৫
ইমেইল : shuklamag30@gmail.com

অতিরিক্ত সচিব
বাস্তবায়ন অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
উপসচিব
বাস্তবায়ন শাখা-৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৫৬.১৫.০০০৭.২৬.২৮৬/১ (১)

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।





১৯-০৭-২০২৬
শুক্লা সরকার
উপসচিব